

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২০.৩৮

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতি অব্যাহত থাকার কারণে সরকারিকৃত কলেজসমূহের নন-এম.পি.ও শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদান।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.২৫.০০১.১৯.৩৪৩, তারিখ ০৫ মে, ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে জানানো হয়েছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতি অব্যাহত থাকার কারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় শিক্ষার্থীদের নিকট থেকে টিউশন ফি আদায় করা যাচ্ছে না বিধায় নতুন সরকারিকৃত কলেজসমূহের নন-এম.পি.ও শিক্ষক-কর্মচারীদের বেতন পরিশোধ করা সম্ভব হচ্ছে না। পর্যাপ্ত তহবিল না থাকার কারণে এফ.ডি.আর. নগদায়ন করে কিছু সরকারিকৃত কলেজের নন-এম.পি.ও শিক্ষক-কর্মচারীদের বেতন পরিশোধের আবেদনের পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট কলেজের সাধারণ তহবিল থেকে অথবা জরুরি প্রয়োজনে এফ.ডি.আর. নগদায়নের অনুমতি প্রদান করে নন-এম.পি.ও শিক্ষক-কর্মচারীদের মূল বেতন পরিশোধের জন্য অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে নতুন সরকারিকৃত কলেজসমূহের নন-এম.পি.ও শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানের সুবিধার্থে সাধারণ তহবিল ব্যবহার ও প্রয়োজনে এফ.ডি.আর. নগদায়নের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

১। সাধারণ তহবিল হতে অর্থ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি সাধারণ তহবিলে অর্থ সংকুলান না হয়, তবেই কেবল স্থায়ী আমানত (এফ.ডি.আর.) নগদায়ন করা যাবে;

২। যে সকল নন-এম.পি.ও শিক্ষক-কর্মচারী বর্তমানে কলেজ থেকে তহবিল স্বল্পতার কারণে বেতন পাচ্ছেন না তাদেরকে বিগত এপ্রিল ও মে, ২০২০ মাসের পরবর্তী জুন ২০২০ থেকে নভেম্বর ২০২০ খ্রি. পর্যন্ত মোট ০৬ (ছয়) মাসের শুধু মূল বেতন প্রদানের জন্য নগদায়নকৃত অর্থ ব্যয় করা যাবে;

৩। নিয়োগ নিষেধাজ্ঞা জারির অনতিপূর্বে গৃহীত কলেজ গভর্নিং বডি'র সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের মূল বেতন নির্ধারিত হবে;

৪। প্রাপ্যতার অধিক অর্থ উত্তোলন করা হলে সেক্ষেত্রে ভবিষ্যতে শিক্ষক-কর্মচারীগণের চূড়ান্ত সরকারিকরণ প্রক্রিয়া সম্পন্ন হলে প্রদত্ত উক্ত অর্থ সমন্বয় করতে হবে এবং এজন্য কলেজ কতৃপক্ষকে একটি লিখিত আন্ডারটেকিং প্রদান করবে।

১

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২০.৩৮/১(১২)

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (বানবেইস), ঢাকা।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) জেলা প্রশাসক,
- ৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ৮) জেলা শিক্ষা অফিসার,
- ৯) উপজেলা নির্বাহী অফিসার,
- ১০) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১১) অধ্যক্ষ,
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd

৯-৫-২০২১

মোঃ মঈনুল হাসান

উপসচিব



মঈনুল
হাসান

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫.৩২২

তারিখ : ০৬/০৬/২০২১খ্রি.

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, সদ্য সরকারিকৃত কলেজ----- (সকল)
(পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৩। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সংরক্ষণ নথি।

মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন : ৪১০৫০৬২৪